তারিখঃ --/--/২০২৫ইং

বরাবর,
সভাপতি
মানি চেঞ্জার্স এসোসিয়েশন অব বাংলাদেশ
স্যুট- ৭/বি, আজাদ সেন্টার, ৫৫, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

**বিষয়ঃ হালনাগাদ সদস্য সনদ সরবরাহ করার জন্য আবেদন।**

জনাব,
সবিনয় নিবেদন যে, আমাদের প্রতিষ্ঠান -এর সাধারণ মানি চেঞ্জার লাইসেন্স নবায়ন করার প্রয়োজন। তাই আমার/আমাদের মানি এক্সচেঞ্জ এর নামে ৩০/০৬/২০২৬ মেয়াদের সদস্য সনদ সরবরাহ করার জন্য অনুরোধ করছি।

নিবেদক-

**সদস্য পদ নবায়নের নিয়মাবলীঃ**

এসোসিয়েশনের ধার্য্য ফিঃ সদস্য পদ নবায়ন ফি ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, সদস্য সনদ ফি ১,০০০/- (এক হাজার) টাকা, আইডি কার্ড ফি ৫০০/- (পাঁচশত) টাকা, বিশেষ অনুদান/বিবিধ বাবদ ৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা সহ সর্বমোট ১০,০০০/- (দশ হাজার) টাকা জমা প্রদানের রসিদের ফটোকপি এতদসঙ্গে জমা প্রদান পূর্বক অঙ্গীকার করছি যে,

১। পরবর্তীতে এসোসিয়েশনের বিশেষ অনুদান (বিশেষ প্রয়োজনে যদি কিছু ধার্য করা হয়) প্রদান করবো।

২। **অফিস স্প্যাস ক্রয় সংক্রান্ত বিশেষ অনুদানঃ** বিগত ২৩/১১/২০২৪ ইংরেজী তারিখে অনুষ্ঠিত বার্ষিক সাধারণ সভা, ২০২৪ ও বিগত ২৫/০১/২০২৫ ইংরেজী তারিখে অনুষ্ঠিত জরুরী সাধারণ সভা, ২০২৪-এ সর্বসম্মত ভাবে গৃহীত সিদ্ধান্ত মতে এবং এসোসিয়েশনের কার্য-নির্বাহী কমিটির পঁঞ্চদশ সভায় (২৬/০৪/২০২৫ ইংরেজী) গৃহীত ও অনুমোদিত সিদ্ধান্ত ক্রমে এসোসিয়েশনের অফিস স্প্যাস ক্রয়ে বিশেষ অনুদান হিসেবে সদস্য প্রতিষ্ঠান সমূহের জন্য ধার্যকৃত অনুদান মোট ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার মধ্যে প্রাথমিক অনুদান হিসেবে মে,২০২৫ ইংরেজীর মধ্যে ১০,০০০/- (দশ হাজার) টাকা এককালীন পরিশোধযোগ্য।বাদ-বাকী ৯০,০০০/- (নব্বই হাজার) টাকা এককালীন অথবা প্রতি মাসে ১০,০০০/-
(দশ হাজার) টাকার সমান ০৯(নয়)টি মাসিক কিস্তিতে পরিশোধ যোগ্য।এসোসিয়েশনের সময়োপযোগী এ সিদ্ধান্ত পরিপালন ও বাস্তবায়নে সচেষ্ট ও অঙ্গীকারাবদ্ধ থাকবো।

৩। বর্তমান অর্থ বছরের ৩০শে জুন পর্যন্ত নবায়নকৃত ট্রেড লাইসেন্সের ফটোকপি, বর্তমান কর-বৎসরের আয়কর পরিশোধের প্রত্যয়নপত্র(টিআইএন)/ন্যূনতম পূর্ববর্তী কর-বৎসরের টিআইএন-এর ফটোকপি এবং বর্তমান অর্থ বছরের ৩০শে জুন পর্যন্ত প্রাপ্ত মূসক সম্মাননা কার্ড (Vat Honour Card)-এর ফটোকপি অথবা ভ্যাট(মূসক)পরিশোধের প্রমাণকের ফটোকপি এবং সর্বশেষ নবায়নকৃত সাধারণ মানি চেঞ্জার লাইসেন্স নবায়ন সনদের ফটোকপি অত্র আবেদন পত্রের সাথে এতদসঙ্গে জমা প্রদান করছি।

৪। সর্বশেষ সাধারণ মানি চেঞ্জার লাইসেন্স নবায়নের জন্য প্রযোজ্য সময়ের বাৎসরিক বৈদেশিক মুদ্রা লেন-দেনের বিবরণী দাখিল করা বাধ্যতামূলক।

৫। লিমিটেড কোম্পানী এবং অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে RJSC কর্তৃক রেজিষ্টার্ড মেমোরেন্ডাম ও আর্টিকেলস অব এসোসিয়েশন-এর কপি, পরিচালকবৃন্দ/অংশীদারবৃন্দ কর্তৃক ক্ষমতাপত্র ও অংশীদারী চুক্তিপত্র এবং প্রয়োজনে Section-36 মতে Schedule-X/XII এসোসিয়েশন বরাবর দাখিলের সিদ্ধান্ত পরিপালন করবো।

এতদসঙ্গে প্রত্যয়ন করছি যে, এসোসিয়েশনে প্রদত্ত তথ্যাদিতে কোনো তথ্য গোপন করে থাকলে বা ভবিষ্যতে কোনো তথ্য ভুল প্রমাণিত হলে সংগঠনের সংঘ স্মারক ও সংঘবিধি, বাণিজ্য মন্ত্রণালয়ের নীতিমালা ও ম্যানুয়েল অনুসারে এসোসিয়েশনের যে কোনো সিদ্ধান্ত যথাযথভাবে পরিপালন করবো।এবং এসোসিয়েশনের শৃঙ্খলা পরিপন্থী কোনো কার্যকলাপ করা থেকে বিরত থাকবো।

নিবেদক-

**(স্ব-স্ব প্রতিষ্ঠানের প্যাডে যথাযথ সীল ও এসোসিয়েশনের সদস্যের যথাযথ স্বাক্ষর সহ আবেদন করতে হবে)**